78 1202008 20 - 03

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

ভূমি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd

ভূমি সেবা হচ্ছে ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.৫৩

তারিখ: ৯ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়: গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠান/রপ্তানীমুখী শিল্প/ বৈদেশিক বিনিয়োগকারী প্রতিষ্ঠানের নামে নামজারি ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সম্পন্নকরণ সংক্রান্ত।**

সাধারণভাবে প্রাপ্ত সেবা প্রত্যাশী জনগণের আবেদনের পরিপ্রেক্ষিতে নামজারি কার্যক্রম সম্পাদন করার জন্য ভূমি মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, প্রয়োজনীয় বিধি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের ১১/০২/২০১৯ তারিখের ৩১.০০.০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১০৮ নম্বর স্মারকে নিম্নরূপভাবে সময়সীমা পুন:নির্ধারণ করে পরিপত্র জারি করা হয়:

| ক্রমিক নম্বর | বিষয় | পূর্বের ধার্যকৃত সময়সীমা | পরিবর্তিত সময়সীমা |
|---|---|---|---|
| ০১ | সাধারনভাবে প্রাপ্ত আবেদনের নামজারি | ৪৫ কার্যদিবস | ২৮ দিন |
| ০২ | এলটি নোটিশের বুনিয়াদে নামজারি | - | ২৮ দিন |
| ০৩ | প্রবাসীদের জন্য নামজারি | ১২ কার্যদিবস (মহানগর) | অপরিবর্তিত |
| | | ৯ কার্যদিবস (অন্যান্য ক্ষেত্রে) | |

০২। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকার ব্যবসা-বাণিজ্য, শিল্পোন্নয়ন এবং বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির জন্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে Ease of Doing Business-এর ক্ষেত্রে বাংলাদেশ কয়েক ধাপ এগিয়ে গেলেও তা কাঙ্ক্ষিত পর্যায়ে পৌছেনি। বাংলাদেশের স্থানীয় বিনিয়োগ এবং বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধি তথা দ্রুত অর্থনৈতিক বিকাশের স্বার্থে Ease of Doing Business-এর ক্ষেত্রে দেশকে আরও অনেক ধাপ এগিয়ে নিয়ে যেতে হবে। এ পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় থেকে বিদ্যমান সকল গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি, রপ্তানীমুখী শিল্প-প্রতিষ্ঠান এবং কোম্পানী থেকে কোম্পানীর ক্ষেত্রে নামজারির আবেদন দ্রুত নিষ্পত্তির সিদ্ধান্ত নেয়া হয়েছে।

০৩। উল্লিখিত অবস্থার আলোকে ভূমি মন্ত্রণালয়ের ১১/০২/২০১৯ তারিখের ৩১.০০.০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১০৮ নম্বর স্মারকের পরিপত্র আংশিক সংশোধনক্রমে ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলার আওতাধীন বিদ্যমান সকল গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি, রপ্তানীমুখী শিল্প-প্রতিষ্ঠান এবং কোম্পানী থেকে কোম্পানীর নামে নামজারি নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করে নিষ্পত্তি করার জন্য নির্দেশনা দেয়া হলো:

(ক) বিদ্যমান সকল গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠান, কোম্পানী (কোম্পানী টু কোম্পানী নামজারি), রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের নামজারির বিষয়টি বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে;

(খ) এক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক তাৎক্ষনিকভাবে নামজারির আবেদনটি সংশ্লিষ্ট ভূমি সহকারী কর্মকর্তা বরাবর প্রেরণ করতে হবে;

(গ) নামজারি আবেদন প্রাপ্তির ২ (দুই) কার্যদিবসের মধ্যে সরজমিনে তদন্ত করে কানুনগো/ সার্ভেয়ার/ ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা নামজারির প্রতিবেদন দাখিল করবেন; সহকারী কমিশনার সরেজমিনে তদন্ত কালে স্বয়ং উপস্থিত থাকবেন;

(ঘ) তৃতীয় কার্যদিবসে সহকারী কমিশনার (ভূমি) সংশ্লিষ্টদেরকে শুনানির জন্য নোটিশ দিবেন;

(ঙ) পরবর্তী ৪ (চার) কার্যদিবসের মধ্যে যথাযথ শুনানি অন্তে সহকারী কমিশনার (ভূমি) মামলাটি নিষ্পত্তি করবেন;

(চ) বিশেষ এ নামজারির জন্য আলাদা একটি রেজিস্টার খুলতে হবে;

(ছ) সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এ বিষয়ে ফোকাল পয়েন্ট নিয়োজিত থাকবেন এবং তিনি সেবাদানের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;

(জ) প্রতিমাসে এ ব্যাপারে সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এবং মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক)-কে প্রতিবেদন দেবেন।

০৪। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মাকছুদুর রহমান পাটওয়ারী
সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন নম্বর:+৮৮-০২-৯৫৪৫১৩১
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৪০০২৫
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ:

০১। জেলা প্রশাসক
ঢাকা/ চট্টগ্রাম/ গাজীপুর/নারায়ণগঞ্জ।

অনুলিপি:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা/ ভূমি আপিল বোর্ড, ঢাকা।
০৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট-ই-৬ বি, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
০৫। সচিব (দায়িত্ব প্রাপ্ত), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম-বিষয়টি মনিটরিং করার অনুরোধসহ।
০৭। অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। জেলা প্রশাসক (সকল)।
০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
১১। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা/ চট্টগ্রাম/ গাজীপুর/নারায়ণগঞ্জ ।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা/ চট্টগ্রাম/ গাজীপুর/নারায়ণগঞ্জ।
১৪। সহকারী কমিশনার (ভূমি), ঢাকা/ চট্টগ্রাম/ গাজীপুর/ নারায়ণগঞ্জ জেলার সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)।
১৫। অফিস কপি।